

## প্রস্তাবিত পে-স্কেল পুনর্নির্ধারণের দাবি রাবি শিক্ষক সমিতির

রাবি সংবাদদাতা। প্রস্তাবিত অষ্টম জাতীয় পে-স্কেলে বিশ্ববিদ্যালয় শিক্ষকরা অবমূল্যায়িত হয়েছেন অভিযোগ করে তা পুনর্নির্ধারণের দাবি জানিয়েছে রাজশাহী বিশ্ববিদ্যালয় (রাবি) শিক্ষক সমিতি। মঙ্গলবার বেলা ১১টায় আয়োজিত সংবাদ সম্মেলনে শিক্ষকদের জন্য সিলেকশন গ্রেড ও টাইমস্কেল অব্যাহত রাখারও দাবি জানানো হয়।

বিশ্ববিদ্যালয়ের জুবেরী ভবনে আয়োজিত সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক রেজাউল করিম বলেন, প্রস্তাবিত জাতীয় পে-স্কেলে মস্তিষ্কপরিষদ বা মুখ্য সচিব ও সিনিয়র সচিবদের বেতন স্কেল আলাদা করে বাড়িয়ে দিগুণ করা হয়েছে। পদায়িত সচিবদের জন্য নতুন একটি বেতন স্কেল করা হয়েছে। গ্রেড ১০-২০ পর্যন্ত সপ্তম বেতন কাঠামোর তুলনায় দিগুণ করা

হয়েছে। কিন্তু ১ম-৯ম ধাপ দিগুণ করা হয়নি। সিলেকশন গ্রেড ও টাইম স্কেল না দেয়ায় বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বেতন স্কেল সচিবদের থেকে দুইধাপ নামানো হয়েছে। শিক্ষকদের মূল বেতন সপ্তম বেতন কাঠামো থেকেও এক ধাপ কমিয়ে আনা হয়েছে। এমন প্রস্তাবনায় বিশ্ববিদ্যালয় শিক্ষকদের 'অবমূল্যায়িত' করা হয়েছে উল্লেখ করে ফোড প্রকাশ করেন শিক্ষক সমিতির নেতৃবৃন্দ।

দাবি মানা না হলে আগামীতে রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ সকল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের নিয়ে কঠোর আন্দোলনের হুমকি দেন সমিতির সভাপতি আনন্দ কুমার সাহা। এ সময় উপস্থিত ছিলেন সমিতির যুগ্মসম্পাদক অধ্যাপক শাহিতল সিরাজ, কার্যনির্বাহী সদস্য অধ্যাপক ফিরোজ আলী, অধ্যাপক আনসার আলী, অধ্যাপক আবদুল আলীম প্রমুখ।